# নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন

রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

ওহোদ যুদ্ধের উল্লেখযোগ্য বিষয়সমূহ- ২৮. শহীদের রক্ত মিশকের ন্যায় সুগন্ধিময় (دم الشهيد كريح المسك)

ওহোদ যুদ্ধে নিহত শহীদগণের লাশ পরিদর্শনকালে রাসূলুল্লাহ (ছাঃ) বলেন,أَنَا شَهِيدٌ عَلَى هَؤُلاَءِ ‘আমি এদের উপরে সাক্ষী থাকব’। অতঃপর তিনি বলেন, لاَ يُكْلَمُ أَحَدٌ فِى سَبِيلِ اللهِ- وَاللهُ أَعْلَمُ بِمَنْ يُكْلَمُ فِى سَبِيلِهِ- إِلاَّ جَاءَ يَوْمَ الْقِيَامَةِ وَجُرْحُهُ يَثْعَبُ، اللَّوْنُ لَوْنُ دَمٍ وَالرِّيحُ رِيحُ مِسْكٍ ‘কেউ আল্লাহর রাস্তায় আহত হ’লে, আর আল্লাহ ভালো জানেন কে তার রাস্তায় আহত হয়েছে, ক্বিয়ামতের দিন সে এমন অবস্থায় উপস্থিত হবে যে, তার ক্ষতস্থান হ’তে রক্ত ঝরতে থাকবে। যার রং হবে রক্তের ন্যায়, কিন্তু সুগন্ধি হবে মিশকের ন্যায়’।[1]

## ফুটনোট

[1]. বুখারী হা/২৮০৩; মুসলিম হা/১৮৭৬; মিশকাত হা/৩৮০২ ‘জিহাদ’ অধ্যায়।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5478

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন